

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা
২৯৯, পশ্চিম জুড়াইন, শ্যামপুর, ঢাকা।
www.food.dhakadiv.gov.bd

নম্বর ১৩.০১.০০০০.০০০.৮৯.০০৫.১৯.১২০১

তারিখ: ১২ আষাঢ় ১৪২৯

২৬ জুন ২০২২

তালিকাভুক্তি নবায়নের সময় বৃদ্ধির নোটিশ

ঢাকা বিভাগীয় সড়ক পরিবহণ ঠিকাদারী (ডিআরটিসি) কাজের তালিকাভুক্ত ঠিকাদারী প্রতিষ্ঠানের তালিকাভুক্তি নবায়নের জন্য অত্র দপ্তরের ০৬/০৬/২০২২ তারিখের ১০৩৬ নং স্মারকে বিজ্ঞপ্তি জারী করা হয়। নবায়নের মেয়াদ গত ২৫/০৬/২০২২ তারিখ নির্ধারিত ছিল। অধিকাংশ তালিকাভুক্তি ঠিকাদার/প্রতিষ্ঠান নবায়ন সম্পন্ন করেছেন। উক্ত সময়ের মধ্যে তালিকাভুক্তি নবায়ন করতে না পারায় মেয়াদ বৃদ্ধির জন্য কয়েকজন ঠিকাদার আবেদন করেছেন।

এক্ষণে, তালিকাভুক্তি ঠিকাদারের আবেদনের প্রক্ষিতে ঢাকা বিভাগীয় সড়ক পরিবহণ ঠিকাদারী (ডিআরটিসি) কাজের তালিকাভুক্তি নবায়ন এর মেয়াদ আগামী ৩০/০৬/২০২২ তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো। উক্ত বর্ধিত সময়ের মধ্যে তালিকাভুক্তি সকল ঠিকাদারকে আগামী ২০২২-২৩ ও ২০২৩-২৪ অর্থ বছরের নবায়ন ফি জমা প্রদান পূর্বক লাইসেন্স নবায়নের জন্য অনুরোধ করা হলো। বর্ণিত সময়ের পর তালিকাভুক্তি নবায়নের মেয়াদ বর্ধিত করা হবে না।

তালিকাভুক্তি নবায়ন ফি জমা সংক্রান্ত তথ্যাদি:

(১) আগামী ২০২২-২৩ ও ২০২৩-২৪ অর্থ বছরের তালিকাভুক্তি নবায়ন ফি বাবদ ($২০০০+২০০০$) = ৪,০০০/- (চার হাজার) টাকা এবং ১৫% হারে মূল্য সংযোজন কর বাবদ ৬০০/- টাকা আলাদা আলাদা ট্রেজারি চালানের মাধ্যমে ব্যাংকে জমা প্রদান করতে হবে।

(২) তালিকাভুক্তি নবায়ন ফি (কোড নং ১-৪৮৩১-০০০১-১৮৫৪) এবং মূল্য সংযোজন কর (কোড নং-১-১১৩৩-০০৩৫-০৩১১) এর চালান অত্র দপ্তর হতে পাশ করে টাকা ব্যাংকে জমা প্রদান পূর্বক চালানের মূল কপিসহ তালিকাভুক্তি বহি ৩০/০৬/২০২২ তারিখের মধ্যে অত্র দপ্তরে জমা প্রদান করতে হবে।

৩) অত্র দপ্তরের তালিকাভুক্ত ঠিকাদারগণ লাইসেন্স নবায়ন করত: সীমিত দরপত্র পদ্ধতির (LTM) আওতায় ঢাকা বিভাগীয় সড়ক পরিবহণ ঠিকাদারী কাজের দরপত্রে অংশগ্রহণ করতে পারবেন।

৪) তালিকাভুক্তি নবায়নের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে।

২৬-৬-২০২২

তপন কুমার দাস

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক

ফোন: ৮৭৪৪২৩৪৯

ইমেইল:
rcf.dhk@dgfood.gov.bd

সদয় অবগতি ও কার্যাত্মে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর
- ৩) বিজ্ঞ আইন উপদেষ্টা, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৪) প্রধান মিলার, পোস্টগোলা আধুনিক সরকারী ময়দামিল, ঢাকা।
- ৫) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম/খুলনা/সিলেট/রংপুর/রাজশাহী/বরিশাল/ময়মনসিংহ। বিজ্ঞপ্তি আপনার দপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৬) সাইলো অধিক্ষক, নারায়ণগঞ্জ/আশুগঞ্জ/সান্তাহার/মোংলা
- ৭) সিটেম এনালিষ্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। বিজ্ঞপ্তি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৮) জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল), -----। বিজ্ঞপ্তি জেলা খাদ্য নিয়ন্ত্রক কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৯) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক(খাদ্য), চট্টগ্রাম/খুলনা।
- ১০) ব্যবস্থাপক(সকল), -----, সিএসডি
- ১১) মেসার্স -----, ঢাকা বিভাগীয় সড়ক পরিবহণ তালিকাভুক্ত ঠিকাদার
- ১২) প্রশাসন শাখা, অত্র দপ্তর,।
- ১৩) ডেসপাচ শাখা, অত্র দপ্তর।
- ১৪) নোটিশ বোর্ড, অত্র দপ্তর।